

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস এন্ড রিপোর্ট উইং
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd



নং-৮২.০০.০০০০.০৬২.১৮.০২৭.২০-৭৯

তারিখ: ২৯.০৬.২০২১ খ্রিঃ

অফিস আদেশ

বিষয়ঃ কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা (Annual Audit Plan) এবং অডিট ক্যালেন্ডার বিষয়ক নির্দেশনা।

কমপ্লায়েন্স অডিট গাইডলাইন্স (Compliance Audit Guidelines) এর অনুচ্ছেদ ২.৪ এবং ৪.১৫ এর আলোকে কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনা এবং অডিট ক্যালেন্ডার বিষয়ে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

১.১. অডিট অধিদপ্তরসমূহ ২০২১-২০২২ অর্থবছরে যে সকল কমপ্লায়েন্স অডিট পরিচালনা করবে তার বার্ষিক অডিট পরিকল্পনা আগামী ৩১-০৭-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সিএজি কার্যালয়ে প্রেরণ করবে। সিএজি কার্যালয় ১৫-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে যাচাই বাছাই শেষে পরিকল্পনাসমূহ অনুমোদন করবে।

১.২. কমপ্লায়েন্স অডিট এর বার্ষিক অডিট পরিকল্পনায় নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকবেঃ

যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, সংবিধিবদ্ধ সরকারী কর্তৃপক্ষ (Statutory Public Authority), স্থানীয় কর্তৃপক্ষ (Local Authority), পাবলিক এন্টারপ্রাইজ এবং কর্পোরেশন এ কমপ্লায়েন্স অডিট পরিচালিত হবে তার নাম; মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর এর নিয়ন্ত্রনাধীন যে সকল ইউনিট কমপ্লায়েন্স অডিট এর আওতাভুক্ত হবে তার নাম এবং প্রযোজ্য ক্ষেত্রে সুনির্দিষ্ট Subject Matter উল্লেখসহ কমপ্লায়েন্স অডিট এর জন্য প্রয়োজনীয় লোকবল। অডিট অধিদপ্তরসমূহ কমপ্লায়েন্স অডিট গাইডলাইন্স এর অনুচ্ছেদ ২.৭ হতে ২.১২ আবশ্যিকভাবে বিবেচনায় নিয়ে এনটিটি (Entity) নির্বাচন করবে।

১.৩. কমপ্লায়েন্স অডিট অর্ধ-বার্ষিক (Half-yearly) ভিত্তিতে পরিচালিত হবে। কমপ্লায়েন্স অডিট এর বিভিন্ন পর্যায় (Stage) তথা অডিট এনগেইজমেন্ট পরিকল্পনা (Audit Engagement Plan) প্রণয়ন হতে রিপোর্ট প্রণয়ন পর্যন্ত অডিট ক্যালেন্ডার অনুযায়ী পরিচালিত হবে (পরিশিষ্ট দ্রষ্টব্য)। প্রতিটি কমপ্লায়েন্স অডিট এর জন্য প্রণীত Audit Engagement Plan সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর এর মহাপরিচালক অনুমোদন করবেন এবং অনুমোদিত Audit Engagement Plan এর অনুলিপি সিএজি কার্যালয়ের এএন্ডআর উইং এ প্রেরণ করবেন। সিএজি'র কৌশলগত পরিকল্পনা (Strategic Plan) ২০২১-২০২৫ এর আউটপুট-১ অনুযায়ী যে সকল কমপ্লায়েন্স অডিট বিশেষ ক্ষেত্রসমূহের (Special Area) উপর পরিচালিত হবে, সে সকল কমপ্লায়েন্স অডিট এর জন্যও এই অডিট ক্যালেন্ডার অনুসরণ করতে হবে।

১.৪. দূতাবাস অডিট অধিদপ্তর এবং বৈদেশিক সাহায্যপুঁজ প্রকল্প অডিট অধিদপ্তর (ফাণ্ড) এর ক্ষেত্রে এই অডিট ক্যালেন্ডার প্রযোজ্য হবে না।


যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে।

স্বাঃ/-

(মোঃ আহসান হাবীব)
এ্যাডিশনাল ডেপুটি সিএজি (সংসদ)
ফোন : ০২-২২২২২১১৯৮

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), মিরপুর-১৪, ঢাকা।
২. মহাপরিচালক, পরিবহন অডিট/ বাণিজ্যিক অডিট/ বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট/ পূর্ত অডিট/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট/ আইটি ও জনসেবা অডিট/ রাজস্ব অডিট/ মিশন অডিট/ শিক্ষা অডিট/ ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি (PTST) অডিট/ স্বাস্থ্য অডিট/ প্রতিরক্ষা অডিট/ কৃষি ও পরিবেশ অডিট/ সামাজিক নিরাপত্তা অডিট/ সিভিল অডিট/ সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/ বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর, ঢাকা।
৩. এ্যাডিশনাল ডেপুটি সিজি (প্রশাসন/ পার্সোনেল /একিউএসি /পদ্ধতি/হিসাব), সিজি কার্যালয়, ঢাকা।
৪. পরিচালক (আরএন্ডডি/এমআইএস), সিজি কার্যালয়, ঢাকা।
৫. সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (হিসাব/ রিপোর্ট-১/ রিপোর্ট-২/ পার্লামেন্ট), সিজি কার্যালয়, ঢাকা।
৬. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিজি কার্যালয়, ঢাকা।
৭. পিএ টু ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র/এএন্ডআর/পদ্ধতি), সিজি কার্যালয়, ঢাকা।
৮. অফিস কপি


০৫/০৭/২০২১


(মোঃ আলমগীর হোসাইন)

অডিট এন্ড একাউন্টস অফিসার (প্রশাসন)

একাউন্টস এন্ড রিপোর্ট উইং

অডিট ক্যালেন্ডার (২০২১-২০২২ অর্থবছর)

ক্রম নং	কার্যক্রম	কমপ্লায়েন্স অডিট এর বিভিন্ন পর্যায়	নির্ধারিত সময়সীমা	দায়িত্ব প্রাপ্ত কার্যালয়
১.	কমপ্লায়েন্স অডিট (১ম অর্ধ-বার্ষিক)	Audit Engagement Plan প্রণয়ন	৩১.০৮.২০২১	অডিট অধিদপ্তর
		প্রমাণক সংগ্রহের নিমিত্ত পরিচালিত অডিট কার্যক্রম (মাঠ পর্যায়ের অডিট)	৩০.১২.২০২১	
		অডিট প্রতিবেদন (Audit Report) প্রস্তুতকরণ এবং সিএজি কার্যালয়ে প্রেরণ	৩১.০১.২০২২	
২.	কমপ্লায়েন্স অডিট (২য় অর্ধ-বার্ষিক)	Audit Engagement Plan প্রণয়ন	৩১.০১.২০২২	অডিট অধিদপ্তর
		প্রমাণক সংগ্রহের নিমিত্ত পরিচালিত অডিট কার্যক্রম (মাঠ পর্যায়ের অডিট)	৩০.০৪.২০২২	
		অডিট প্রতিবেদন (Audit Report) প্রস্তুতকরণ এবং সিএজি কার্যালয়ে প্রেরণ	৩০.০৬.২০২২	
৩.	কমপ্লায়েন্স অডিট (Special Area সমূহে পরিচালিত)	Audit Engagement Plan প্রণয়ন	৩০.০৯.২০২১	অডিট অধিদপ্তর
		প্রমাণক সংগ্রহের নিমিত্ত পরিচালিত অডিট কার্যক্রম (মাঠ পর্যায়ের অডিট)	৩০.০৪.২০২২	
		অডিট প্রতিবেদন (Audit Report) প্রস্তুতকরণ এবং সিএজি কার্যালয়ে প্রেরণ	৩০.০৬.২০২২	


 ০৮/০৭/২০২২
 মোঃ আলমগীর হোসাইন
 এএসএও (প্রশাসন) এএসআর উইং